

# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 16 June, 2025

ইরানের নতুন প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান বলেছেন, তার দেশের পারমাণবিক অস্ত্র তৈরির কোনও ইচ্ছা নেই। তবে শান্তিপূর্ণ প্রয়োজনে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ অব্যাহত থাকবে। ইরানের পার্লামেন্টে প্রথম ভাষণে তিনি এ কথা বলেন।

সোমবার (১৬ জুন) দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনা ও আন্তর্জাতিক সংবাদমাধ্যম আল জাজিরা এ তথ্য জানায়।

পেজেশকিয়ান বলেন, আমরা পারমাণবিক অস্ত্র চাই না, আমাদের এ রকম কোনও উদ্দেশ্যও নেই। আমাদের বিজ্ঞান ও জুলানি খাতে শান্তিপূর্ণভাবে পারমাণবিক শক্তির ব্যবহারকে যারা সন্দেহ করে, তাদের অভিযোগ ভিত্তিহীন।

বর্তমানে ইসরায়েলের সঙ্গে উত্তেজনা এবং পশ্চিমা চাপের মধ্যেই পেজেশকিয়ান এই বক্তব্য দিলেন। তিনি বলেন, শত্রু যদি মনে করে হত্যা, আক্রমণ আর গুপ্তহত্যার মাধ্যমে তারা আমাদের এবং আমাদের জাতিকে মুছে ফেলতে পারবে— তাহলে তারা ভুল করছে। কারণ, একজন বীর শহীদ হলে তার পতাকা তুলে ধরার জন্য শত শত নতুন বীর তৈরি হয়ে দাঁড়ায়।

ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে যুক্তরাষ্ট্রসহ পশ্চিমাদের সঙ্গে আলোচনার কথাও পুনর্ব্যক্ত করেন তিনি। আমরা আগ্রাসী কোনো রাষ্ট্র নই। যুক্তরাষ্ট্রের সঙ্গেও আমরা পারমাণবিক কর্মসূচি নিয়ে আলোচনা চালিয়ে যাচ্ছি। তবে নিজেদের সার্বভৌম অধিকার ও বিজ্ঞানচর্চার জায়গায় আপস করব না। ইউরেনিয়াম সমৃদ্ধকরণ চলবে পেজেশকিয়ান স্পষ্ট করে বলেছেন, ইরান শান্তিপূর্ণ কাজে পারমাণবিক শক্তি ব্যবহারের অধিকার বজায় রাখবে। আমরা ইউরেনিয়াম সমৃদ্ধকরণ অব্যাহত রাখব— জুলানি উৎপাদন ও বৈজ্ঞানিক প্রয়োজনে। কারণ, পারমাণবিক শক্তি থেকে উপকার পাওয়া আমাদের অধিকার।”

গত কয়েক মাসে ইসরায়েলের সঙ্গে ইরানের উত্তেজনা বেড়েছে। এর মধ্যে ইসরায়েলি হামলা, সিরিয়ায় ইরানের জেনারেলদের হত্যাসহ নানা ঘটনা নতুন করে সংঘাতের আশঙ্কা তৈরি করেছে। এমন প্রেক্ষাপটে শান্তির বার্তা দিয়ে পেজেশকিয়ান তার প্রথম পার্লামেন্টীয় ভাষণে আন্তর্জাতিক মহলে ভারসাম্যপূর্ণ অবস্থান দেখানোর চেষ্টা করেন, এমনটাই মনে করছেন বিশ্লেষকরা।

পেজেশকিয়ানের এই বক্তব্য তেহরান ও পশ্চিমা বিশ্বের মধ্যে পারমাণবিক ইস্যুতে আলোচনা চালিয়ে যাওয়ার সম্ভাবনা উজ্জ্বল করলো, পাশাপাশি এটি দেশটির অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতিতে একটি নতুন দৃষ্টিভঙ্গির ইঙ্গিতও হতে পারে।

ইরান প্রেসিডেন্ট ইসরায়েল

Generated on 27 June, 2025 01:56

URL: <https://www.timestodaybd.com/public/international/3444775807>